

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৮২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৭৪]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৭৩ : মুসলিমদেরকে তুচ্ছ জ্ঞান করা হারাম

(273) بَابُ تَحْرِيْم اِحْتِقَارِ الْمُسْلِمِيْنَ

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم عليه وسلم قال: «بِحَسْبِ امْرِئٍ مِنَ الشَّرِّ أَنْ يَحْقِرَ أَخَاهُ المُسْلِمَ». رواه مسلم

বাংলা

আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَسْخَرْ قَوْمٌ مِنْ قَوْمٍ عَسَىٰ أَنْ يَكُونُوا خَيْرًا مِنْهُمْ وَلَا نِسَاءٌ مِنْ نِسَاءٍ عَسَىٰ أَنْ يَكُنَّ خَيْرًا مِنْهُمْ وَلَا نِسَاءٌ مِنْ نِسَاءٍ عَسَىٰ أَنْ يَكُنَّ خَيْرًا مِنْهُمْ وَلَا تَلْمَرُوا لَا يَنَابَزُوا بِالْأَلْقَابِ ۚ بِبِّسَ الِاسْمُ الْفُسُوقُ بَعْدَ الْإِيمَانِ ۚ وَمَنْ لَمْ يَتُبْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴾ [الحجرات: ١٨]

অর্থাৎ হে ঈমানদারগণ! একদল পুরুষ যেন অপর একদল পুরুষকে উপহাস না করে; কেননা যাদেরকে উপহাস করা হয় তারা উপহাসকারী দল অপেক্ষা উত্তম হতে পারে এবং একদল নারী যেন অপর একদল নারীকেও উপহাস না করে; কেননা যাদেরকে উপহাস করা হয় তারা উপহাস-কারিণী দল অপেক্ষা উত্তম হতে পারে। আর তোমরা একে অপরের প্রতি দোষারোপ করো না এবং তোমরা একে অপরকে মন্দ নামে ডেকো না; কেউ বিশ্বাস স্থাপন করলে তাকে মন্দ নামে ডাকা গর্হিত কাজ। যারা [এ ধরনের আচরণ হতে] নিবৃত্ত না হয়, তারাই সীমালংঘনকারী। (সূরা হুজুরাত ১১ আয়াত)

তিনি অন্য জায়গায় বলেন.

[وَيْلٌ لِكُلِّ هُمَزَةٍ لُمَزَةٍ﴾ [الهمزة: ١ ﴿

অর্থাৎ দুর্ভোগ প্রত্যেকের, যে পশ্চাতে ও সম্মুখে লোকের নিন্দা করে। (সূরা হুমাযাহ ১ আয়াত)

১/১৫৮২। আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,



''মানুষের মন্দ হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে তার মুসলিম ভাইকে তুচ্ছভাবে।'' (মুসলিম, হাদিসটি ইতোপুর্বে দীর্ঘ আকারে অতিবাহিত হয়েছে।) [1]

English

(273) Chapter: Prohibition of Despising Muslims

Allah, the Exalted, says:

"O you who believe! Let not a group scoff at another group; it may be that the latter are better than the former. Nor let (some) women scoff at other women; it may be that the latter are better than the former. Nor defame one another, nor insult one another by nicknames. How bad is it to insult one's brother after having Faith [i.e., to call your Muslim brother (a faithful believer) as: `O sinner', or `O wicked']. And whosoever does not repent, then such are indeed Zalimun (wrongdoers)." (49:11)

"Woe to every slanderer and backbiter." (105:1)

Abu Hurairah (May Allah be pleased with him) said:

The Messenger of Allah (ﷺ) said, "It is enough evil for a Muslim to look down upon his (Muslim) brother."

[Muslim].

Commentary: This Hadith has already been mentioned (Hadith No. 1571). Its meanings are evident and need no elaboration.

ফুটনোট

[1] মুসলিম ৯১, তিরমিয়ী ১৯৯৮, ১৯৯৯, আবূ দাউদ ৪০৯১, ইবনু মাজাহ ৫৯, ৪১৭৩, আহমাদ ৩৭৭৯, ৩৯০৩, ৩৯৩৭, ৪২৯৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন